

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সমন্বয় শাখা  
[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন এবং মুজিব বর্ষে বিভিন্ন জাতীয়  
দিবস উদ্‌যাপনের নিমিত্ত বাস্তবায়ন উপ-কমিটির” সভার কার্যবিবরণী

সভার তারিখ: ২৯ জুলাই, ২০১৯ খ্রিঃ  
সময়: বিকাল ৩.৩০ ঘটিকা  
সভার স্থান: সম্মেলন কক্ষ, পরিকল্পনা বিভাগ।  
সভাপতি: জনাব আখতারুজ্জামান খান কবির, অতিরিক্ত সচিব,  
পরিকল্পনা বিভাগ, ঢাকা।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’।

২.০ সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতপর তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বিগত ১৪/০৫/২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভা এবং বিগত ২৩/০৭/২০১৯ তারিখের উপ-কমিটির সভার আলোকে আলোচনায় অংশ গ্রহণ করার জন্য সবাইকে অনুরোধ করেন।

সভায় অতিরিক্ত সচিব (সাধারণ ও সমন্বয়) বলেন যে, “বাংলাদেশ পরিকল্পনা কমিশন দিবস উদ্‌যাপন ‘বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন’ নামক ডকুমেন্টেশন তৈরী ও ‘আলোকচিত্র প্রদর্শনী’ সংক্রান্ত বাস্তবায়ন উপকমিটি” কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উন্নয়ন ভাবনা সংক্রান্ত বক্তব্যসমূহের ভিডিও ক্লিপ সম্বলিত ‘বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন’ নামক ডকুমেন্টেশন তৈরী ও পুস্তিকা প্রকাশ, আলোকচিত্র প্রদর্শন, সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর গবেষণা সংক্রান্ত সেমিনার ও বঙ্গবন্ধু কর্ণার তৈরীর মত বিশেষায়িত কাজের বিস্তারিত কর্মসূচী, কর্মপন্থা নির্ধারণ ও বাজেট প্রণয়নের কর্মকান্ড সম্পাদন করা হচ্ছে। তিনি আরো জানান যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষের জাতীয় অনুষ্ঠানমালার সাথে সামঞ্জস্য রেখে পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জাতীয় অনুষ্ঠানগুলি পালন করা যেতে পারে।

সভাপতি বলেন যে, বঙ্গবন্ধুর জন্মশতবর্ষে ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২০; বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী দিবস ১৭ মার্চ, ২০২০; স্বাধীনতা ও জাতীয় দিবস ২৬ শে মার্চ, ২০২০; মুজিবনগর দিবস ১৭ এপ্রিল, ২০২০; জাতীয় শোক দিবস ১৫ আগস্ট, ২০২০; মহান বিজয় দিবস ১৬ ডিসেম্বর, ২০২০; বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস ১০ জানুয়ারি, ২০২১ যথাযথ ভাবগাম্ভীর্যের সহিত পালনের জন্য সম্ভাব্য সর্বমোট ১০ লক্ষ টাকার বাজেট নির্ধারণ করা যেতে পারে।

সভাপতি আরো বলেন যে, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ৩০ জানুয়ারি, ২০২০ কে বাংলাদেশ পরিকল্পনা দিবস হিসেবে জাতীয়ভাবে উদ্‌যাপনের জন্য আলাদাভাবে অর্থ সংস্থানের ব্যবস্থা গ্রহণপূর্বক ঐ দিনটিকে বাংলাদেশ পরিকল্পনা কমিশন দিবস হিসেবে পালন করা যেতে পারে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



৩.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। বঙ্গবন্ধুর জন্মশতবর্ষে ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২০; বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী দিবস ১৭ মার্চ, ২০২০; স্বাধীনতা ও জাতীয় দিবস ২৬ শে মার্চ, ২০২০; মুজিবনগর দিবস ১৭ এপ্রিল, ২০২০; জাতীয় শোক দিবস ১৫ আগস্ট, ২০২০; মহান বিজয় দিবস ১৬ ডিসেম্বর, ২০২০; বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস ১০ জানুয়ারি, ২০২১ যথাযথ ভাবগাম্ভীর্যের সহিত পালনের জন্য সম্ভাব্য সর্বমোট ১০ লক্ষ টাকা ব্যয় হতে পারে মর্মে কমিটি কর্তৃক সুপারিশ গৃহীত হয়;

২। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ৩০ জানুয়ারি, ২০২০ কে বাংলাদেশ পরিকল্পনা দিবস হিসেবে জাতীয়ভাবে উদযাপনের জন্য আলাদাভাবে অর্থ সংস্থানের ব্যবস্থা গ্রহণপূর্বক ঐ দিনটিকে বাংলাদেশ পরিকল্পনা কমিশন দিবস হিসেবে পৃথকভাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়;

৪.০ অতঃপর সভায় আর কোন কিছু আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ০১/০৮/২০১৯ খ্রি:

(আখতারুজ্জামান খান কবির)

আহবায়ক,

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর  
রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন এবং  
মুজিব বর্ষে বিভিন্ন জাতীয় দিবস উদযাপনের  
নিমিত্ত বাস্তবায়ন উপ-কমিটি”

ও

অতিরিক্ত সচিব (প্রশাসন)


পরিকল্পনা বিভাগ।

নং-২০.০০.০০০০.৩৩২.১৬.০১২.১৯.৬৫২

তারিখঃ ২৪ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ  
০৮ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সাধারণ ও সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. বেগম মাহমুদা আকতার, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৪. জনাব মো: কামরুজ্জামান, অতিরিক্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. উপসচিব (প্রটোকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. উপসচিব (এনইসি, একনেক), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. উপসচিব (প্রশাসন-১,২,৩), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য)।

  
(মো: ইসরাহ হোসেন খান)

যুগ্মসচিব

পরিকল্পনা বিভাগ, ঢাকা।

ফোনঃ ৯১১৭৯১৪